গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২১-২২ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৬ মে ২০২২ |
| সভার সময় | বেলা ১১.৩০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য উপসচিব, প্রশাসন-৩ (সদস্য সচিব, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব কর্তৃক আলোচ্য বিষয়সমূহ নিম্নরূপে উপস্থাপন করা হয়ঃ

**১.০ আলোচ্য বিষয়:** ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অসম্পন্ন কার্যক্রম পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

**১.১** এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অনিষ্পন্ন কার্যক্রম যথাসময়ের মধ্যে নিষ্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সদস্য সচিব সভাকে আরো অবহিত করেন যে, এ বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৪ নং কার্যক্রমের (৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা) আওতায় ৪টি কর্মশালা আয়োজনের বিপরীতে ৩টি কর্মশালার আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ১ (এক)টি কর্মশালা মে, ২০২২ এর মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রমও যথারীতি চলমান রয়েছে।

কারা অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৪ নং কার্যক্রমের (৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা) আওতায় ৪টি কর্মশালা আয়োজনের বিপরীতে ৩টি কর্মশালার আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ১ (এক)টি কর্মশালা দ্রুততম সময়ের মধ্যে আয়োজন করা হবে। এছাড়াও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২ কার্যক্রমের আওতায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজনের বিপরীতে ২টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ২টি প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২ কার্যক্রমের আওতায় ২.২.২ কর্মসম্পাদন সূচক

কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজনের বিপরীতে ৩টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ১টি প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রম চলমান যথারীতি চলমান রয়েছে।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৪ নং কার্যক্রমের (৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা) আওতায় ৪টি কর্মশালা আয়োজনের বিপরীতে ৩টি কর্মশালার আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ১ (এক)টি কর্মশালা দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২ কার্যক্রমের আওতায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজনের বিপরীতে ৩টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ১টি প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**১.২ সিদ্ধান্ত:**
(ক) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহকে অসম্পন্ন কর্মশালা ও প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনে গৃহীত কার্যক্রম ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সময়ে সময়ে এ বিভাগের চীফ ইনোভেশন অফিসারকে অবহিত করবেন;

গ) অন্যান্য ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রমের বাস্তবায়ন যথারীতি চলমান রাখতে হবে।

**২.০ আলোচ্য বিষয়:** বিবিধ।

**২.১** সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার ২.২ কার্যক্রমের আওতায় ২.২.২ কর্মসম্পাদন সূচক 'ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত' বাস্তবায়নের নিমিত্ত স্ব স্ব অফিসের বরাদ্দকৃত অর্থের ৮০% সংশ্লিষ্ট কার্যক্রমে ব্যয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**২.২ সিদ্ধান্ত:**
(ক) 'ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত' কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্থ ব্যয় করার যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) অর্থ ব্যয় করার ক্ষেত্রে সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সভায় অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করা হয়। এ বিষয়ে উপস্থিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে আরো আন্তরিকতা ও দক্ষতার সহিত কর্মসম্পাদনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা

করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৯১

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৯
২৩ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, পরি-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
২) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৪) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আবদুল কাদির
উপসচিব